গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কাউনিয়া, রংপুর।
www.aclandkaunia.rangpur.gov.bd

০১ মাঘ ১৪২৯ ব.

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫৪২.০৪২.০০২.০২২.২৩-০৬ তারিখ : ---------------------

১৫ জানুয়ারি ২০২৩ খ্রি.

**জলমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা/২০০৯ অনুসারে রংপুর জেলাধীন কাউনিয়া উপজেলার ২০ (কুড়ি) একর পর্যন্ত আয়তনবিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ শ্রেণির জলমহাল ০২ (দুই) টি ১৪৩০- ১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধনকৃত কাউনিয়া উপজেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | জলমহালের নাম ও তফসিল | ইজারার মেয়াদ (বঙ্গাব্দ) | সরকারি ইজারা মূল্য (১৪৩০-১৪৩২) | অনলাইনে আবেদনের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | রংপুর | কাউনিয়া | নেপতিডাঙ্গা বিল<br>মৌজা -মাছহাড়ী<br>খতিয়ান নং -১<br>দাগ নং -১৭৩<br>জমি-৯.৯৮ একর | ১৪৩০-১৪৩২ | ১,৮০,৩৯৩/- | বাংলা<br>০৬মাঘ থেকে<br>২৫ মাঘ পর্যন্ত<br><br>ইংরেজি<br>২০/০১/২০২৩ খ্রিঃ<br>হতে<br>০৮/০২/২০২৩ খ্রিঃ<br>পর্যন্ত | ০৯/০২/২০২৩<br>দুপুর ১২.৩০<br>ঘটিকা | ০১ বৈশাখ<br>১৪৩০ হতে<br>৩০ চৈত্র<br>১৪৩২পর্যন্ত |
| ০২ | | | হোকুডাঙ্গা বিল<br>মৌজা -মাছহাড়ী<br>খতিয়ান নং -১<br>দাগ নং -১৩৯<br>জমি-৪.৪৫ একর | ১৪৩০- ১৪৩২ | ৬৩,০০২/- | | | |

০১। প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ২০/০১/২০২৩ হতে ০৮/০২/২০২৩খ্রি.(০৬ থেকে ২৫ মাঘ)এর মধ্যেঅনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের লিঙ্ক (http:/jm.lams.gov.bd)।

০২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে দুপুর ১২.৩০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), কাউনিয়া,রংপুর এর কার্যালয়ে রক্ষিত নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ০৯/০২/২০২৩ খ্রি. তারিখে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। ইজারাপ্রাপ্ত সমিতি কর্তৃক দাখিলকৃত জামানত বাবদ ২০% টাকা শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৩। আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও ইজারা পুকুর ১/৪৬৩১/০০০০/১২৬১ কোডে জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৪। নির্বাচিত মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রথম বছরের ইজারা মূল্যসহ মোট ইজারা মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট একযোগে চালানের মাধ্যমে যথাযথ কোডে জমা প্রদানপূর্বক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

০৫। ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৭। কোন কারণবশত ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩০ বঙ্গাব্দ ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারা গ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভুক্ত সকল জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

০৮। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী / তীরবর্তী নিবন্ধিত কাউনিয়া উপজেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০৯। দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০। আবেদনের সাথে সংগঠন/সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী ,বিগত দুই বছরের অডিট রিপোর্ট, নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যদের নামের তালিকা ও সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের FID কার্ডের সত্যায়িত কপি,গঠনতন্ত্রের কপি ,ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্য চাষ/উৎপাদন/ সুষ্ঠু পরিকল্পনা /রূপরেখা ইত্যাদি কাগজ পত্র সংযোজন করতে হবে।

১১। কোন মৎস্যজীবী সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।

১২।গৃহীত ইজারা মূল্যের ওপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর প্রথম বছরের ইজারার টাকার সাথে একত্রে প্রদান করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা/২০০৯এ বর্ণিত অন্যান্য শর্তাবলি এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধিবিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন। ।

১৩। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন প্রয়োজনে যেকোন সময় কারণদর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন সম্পর্কে যে কোন উপর্যুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/০১/২৩

(তাহমিনা তারিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাউনিয়া, রংপুর।

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫৪২.০৪২.০০২.০২২.২৩-০৬ (২০)

তারিখ : ১ মাঘ ১৪২৯ ব. / ১৫ জানুয়ারি ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। মাননীয় সংসদ সদস্য -২২ রংপুর -৪
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
৪। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর।
৬। উপজেলা....................ও সদস্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কাউনিয়া, রংপুর।
৭। চেয়ারম্যান, সারাই ইউনিয়ন পরিষদ ও সদস্য, কাউনিয়া, রংপুর। উল্লিখিত বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। জনাব........................সদস্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কাউনিয়া, রংপুর।
৯। সম্পাদক দৈনিক দাবানল পত্রিকা ,রংপুর। তাকে তার পত্রিকায় বিজ্ঞপ্তি (স্বল্প পরিসরে ছোট অক্ষরে ) ০১ (এক) দিনের সংখ্যায় প্রকাশ ও প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। অফিস কপি

(ফারজানা আক্তার)
উপজেলা মৎস্য অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাউনিয়া, রংপুর